



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং-বামাশিবো/রিক/দাউদকান্দি-কুমিল্লা-৩৮৭/০৬

তারিখ: ১৭ / ০৬ / ২০২০খ্রি:


অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০৬/২০২০ তারিখের ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৫৩.১৯(অংশ)-১০১ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি সরকার বহন করবে না, উক্ত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিপ্রেক্ষিতে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলাধীন গৌরীপুর ডাকঘরের অন্তর্গত ওয়াজউদ্দিন ফাউন্ডেশন ট্রাস্ট ইসলামিয়া দাখিল স্তরের মাদ্রাসাকে নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০২০ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। মাদ্রাসার কোড: **20597, EIIN: 131594.**

পালনীয় শর্তাবলী:


১. নীতিমালা অনুযায়ী এনটিআরসিএ কর্তৃক শূন্য পদে শিক্ষক নিয়োগ করতে হবে।
২. স্বীকৃতি প্রাপ্তির পর স্বীকৃতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক মাদ্রাসার স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
৩. প্রত্যেক শ্রেণিতে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৪. দাখিল চূড়ান্ত পরীক্ষার ফলাফল, গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৫. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৬. জনবল কাঠামোর নীতিমালা অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ করতে হবে।
৭. মাদ্রাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
৮. পাঠাগারে অন্ত্যন ২০০০ খানা বই থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


(মো: হোসেন)
উপ-পরিদর্শক

ও

মাদ্রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬৭৫০১৬।


১৭.০৬.২০

সুপার,


ওয়াজউদ্দিন ফাউন্ডেশন ট্রাস্ট ইসলামিয়া দাখিল মাদ্রাসা
ডাকঘর: গৌরীপুর, উপজেলা: দাউদকান্দি, জেলা: কুমিল্লা।

নং-বামাশিবো/রিক/দাউদকান্দি-কুমিল্লা-৩৮৭/০৬

তারিখ: ১৭ / ০৬ / ২০২০খ্রি:


অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহা পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৩. প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৫. জেলা প্রশাসক, কুমিল্লা।
৬. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৭. অফিস কপি।


(মো: হোসেন)
উপ-পরিদর্শক

ও

মাদ্রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ৯৬৭৫০১৬।


১৭.০৬.২০